



ইরানের সঙ্গে দীর্ঘমেয়াদি চুক্তির ইঙ্গিত মার্কিন ভাইস প্রেসিডেন্টের



মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। ছবি: সংগৃহীত

মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স বলেছেন, ইরানের সঙ্গে দীর্ঘমেয়াদি শান্তি চুক্তি যুক্তরাষ্ট্রের জাতীয় স্বার্থের জন্য গুরুত্বপূর্ণ হতে পারে।
সোমবার (৮ জুন) ফল্ল নিউজকে দেওয়া সাক্ষাৎকারে তিনি জানান, মধ্যপ্রাচ্য ইস্যুতে যুক্তরাষ্ট্র ও ইসরাইলের অনেক অভিন্ন স্বার্থ থাকলেও কিছু বিষয়ে দুই দেশের অবস্থানে পার্থক্য রয়েছে।
ভ্যান্সের ভাষ্য, সাম্প্রতিক আঞ্চলিক পরিস্থিতির কারণে এখন এমন একটি পরিবেশ তৈরি হয়েছে, যেখানে ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে স্থায়ী সমঝোতার সুযোগ দেখা যাচ্ছে। এ ক্ষেত্রে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অবস্থানকে সমর্থন করেন তিনি।
ইসরাইল এ ধরনের চুক্তি সমর্থন নাও করতে পারে উল্লেখ করে ভাইস প্রেসিডেন্ট বলেন, ওয়াশিংটন নিজেদের নিরাপত্তা ও কৌশলগত স্বার্থকেই অগ্রাধিকার দিচ্ছে।
তার এই বক্তব্যকে মধ্যপ্রাচ্য নীতিতে যুক্তরাষ্ট্রের নতুন কূটনৈতিক বার্তা হিসেবে দেখছেন বিশ্লেষকরা।
সূত্র: আল-জাজিরা।